৪ ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মাদ্রাসা অধ্যক্ষ গ্রেফতার

নারায়ণগঞ্জের ফতুল্লায় ৪ মাদ্রাসা ছাত্রীকে ধর্ষণ ও যৌন নিপীড়নের অভিযোগে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ মোস্তাফিজুর রহমানকে গ্রেফতার করেছে র্যাব ১১। আজ শনিবার বিকেলে ফতুল্লার দারুল হুদা মহিলা মাদ্রাসা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার মোস্তাফিজ ঐ মাদ্রাসায় সপরিবারে বসবাস করেন। এসময় উত্তেজিত এলাকাবাসী অধ্যক্ষের দৃষ্টান্তমূলক বিচার দাবি করেন।

র্যাব ১১ এর কোম্পানি কমান্ডার মেজর তালুকদার নাজমুল সাকিব জানান, গত ২৮ জুন সিদ্ধিরগঞ্জের অক্সফোর্ড হাইস্কুলের শিক্ষক আশরাফুল ও ৪ জুলাই ফতুল্লার বাইতুল হুদা ক্যাডেট মাদ্রাসার প্রধান শিক্ষক আল আমিনকে ছাত্রীদের ধর্ষণের ঘটনাটি বিভিন্ন সংবাদ মাধ্যম ও ফেসবুকে ভাইরাল হওয়ার পর বিষয়টি ভূঁইগড় এলাকার দারুল হুদা মহিলা মাদ্রাসার কয়েকজন ভুক্তভোগী শিক্ষার্থী ও অভিভাবকের নজরে আসে। পরে তারা র্যাব ১১ কে অভিযোগ করলে তা নিয়ে আমরা তদন্ত শুরু করি। তদন্তে ৪ জন শিক্ষার্থীকে ধর্ষণ ও যৌন হয়রানির সত্যতা পেয়ে আমরা অভিযান চালিয়ে মাদ্রাসার অধ্যক্ষ মোস্তাফিজুর রহমানকে গ্রেফতার করি।
এ ব্যাপারে র্যাব ১১ এর অতিরিক্ত পুলিশ সুপার মো. আলেপউদ্দিন পিপিএম সাংবাদিকেদর জানান, গ্রেফতার অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান নেত্রকোণা থেকে ফতুল্লায় এসে ৫ বছর আগে ভবন ভাড়া নিয়ে মাদ্রাসাটি পরিচালনা করছেন। তিনিই এটির প্রতিষ্ঠাতা। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।